# পুঠিয়ায় ২৮ অক্টোবরের হত্যাকাণ্ডের বিচারের দাবিতে জামায়াতের বিক্ষোভ মিছিল ও পথসভা

লেখক: প্রকাশক | প্রকাশিত: 29 October 2026, 09:53 AM | বিভাগ: সারাদেশ

২০০৬ সালের ২৮ অক্টোবর পল্টন ময়দানে ফ্যাসিস্ট আওয়ামী লীগের লগি-বৈঠার নৃশংস হত্যাকাণ্ডের বিচার ও খুনিদের ফাঁসির দাবিতে রাজশাহীর পুঠিয়ায় বিক্ষোভ মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) বিকেল ৪টায় বাংলাদেশ জামায়াতে ইসলামী পুঠিয়া উপজেলা শাখার উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়। এতে দলটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন । দলের উপজেলা আমীর মাওলানা মুনজুর রহমানের সভাপতিত্বে মিছিলটি উপজেলা সড়ক প্রদক্ষিণ করে । মিছিল শেষে একটি সমাবেশ অনুষ্ঠিত হয় । সমাবেশের প্রধান অতিথি,জেলা শুরা ও কর্মপরিষদের সদস্য মাওলানা আহমাদুল্লাহ বলেন,বর্তমান সরকারকে (২৮ অক্টোবর) পল্টন ময়দানে আওয়ামী লীগের সন্ত্রাসীরা যেভাবে জামায়াত ও শিবিরের ছয়জনকে লগিবিঠো দিয়ে নির্মমভাবে হত্যা করে,তার বিচার করতে হবে। মিছিলে অংশগ্রহণকারীরাও ২০০৬ সালের ২৮ অক্টোবরের পল্টনে এই হত্যাকাণ্ডের বিচারে নিশ্চিত করা এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিভিন্ন স্লোগান দেন।

এ সময় নেতাকর্মীরা ওই দিনের হত্যাকাণ্ডের ঘটনায় দ্রুত বিচার করার জন্য প্রশাসনের প্রতি আহ্বান

জানান।

উক্ত কর্মসূচিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী পুঠিয়া উপজেলা শাখার ব্যানারে বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে বিক্ষোভ মিছিল ও পথসভায় অংশ নিতে দেখা যায়।

---

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।